ময়মনসিংহ সিটি কর্পোরেশন
আঞ্চলিক কার্যালয়
অঞ্চল-১
নগর ভবন, ময়মনসিংহ
www.mcc.gov.bd

স্মারক নং- ৪৬.২১.৬১০০.০০০.০১৮.১৮.০০০১.২৬-৬৩

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ফ্যামিলি কার্ড শুমারি- ২০২৬ এর শুমারিকালীন স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১ আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এর ৩৩টি ওয়ার্ডে স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ১. | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ)ট্যাব/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| **ক্র:নং** | **পদের ধরণ** | **আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় কাগজপত্র** |
| ২. | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যূনতম ব্যাচেলার ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৪-৪৫<br>গ)ট্যাব ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%++ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) ট্যাব চার্জ, ডাটা লিঙ্ক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: ক) ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নগর ভবন ও সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে: খ) শহর সামজসেবা কার্যালয়, জেলা সমাজসেবা কমপ্লেক্স (৩য় তলা), ময়মনসিংহ হতে সরাসরি এবং অফিসের ওয়েবসাইটে পাওয়া যাবে। লিংক: www.mcc.gov.bd ও www.css.mymensingh.gov.bd

আবেদন ফরম দাখিলের স্থান: ক) ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নগর ভবন ও সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে: খ) শহর সামজেসাব কার্যালয়, জেলা সমাজসেবা কমপ্লেক্স (৩য় তলা), ময়মনসিংহ।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র:নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১. | ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত | ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত | ২৬/০৭/২০২৬ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা |

CS CamScanner

**শর্তাবলীঃ**

১. আবেদনকারীকে আগামী ২৫/০৭/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধনের ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবিসহ নির্ধারিত ফরমে আবেদন জমা দিতে হবে।

২. ট্যাব/স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। নিজ নিজ ওয়ার্ডের যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

৩. ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। এক জন প্রার্থী একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৪. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবে।

৫. নির্বাচন সংক্রান্ত গঠিত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২২/০৭/২৬

(জাকির হোসাইন)
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (অ.দা.) (অঞ্চল-১)
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ

স্মারক নম্বর: ৪৬.২১.৬১০০.০০০.০১৮.১৮.০০০১.২৬-

তারিখ: ২২ জুলাই ২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

১. মাননীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৬. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
৮. দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৯. জনাব ......................................সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
১০. অফিস কপি।

22.07.26

তাহমিনা নাসরিন
সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ

CS CamScanner